



আমরা জনগণের পক্ষে

বাংলাদেশ প্রতিদিন

১০-০৫-২০২২, অনলাইন সংস্করণ

ইন্সট ওয়েস্ট বিশ্ববিদ্যালয়ের ২১তম সমাবর্তন অনুষ্ঠিত

প্রেস রিজিস্ট্রি



ইন্সট ওয়েস্ট বিশ্ববিদ্যালয়ের ২১তম সমাবর্তন আজ মঙ্গলবার বিকালে রাজধানীর আফতাবনগরের বিশ্ববিদ্যালয় ক্যাম্পাসে অনুষ্ঠিত হয়েছে। সমাবর্তনে রাষ্ট্রপতির প্রতিনিধি হিসেবে শিক্ষামন্ত্রী ডা. দীপু মনি এমপি শিক্ষার্থীদের ডিগ্রী প্রদান করেন। এ সমাবর্তনে আন্ডার গ্রাজুয়েট ও গ্রাজুয়েট প্রোগ্রামের এক হাজার ৬৯৩ জন শিক্ষার্থীকে সনদ দেওয়া হয়। এছাড়াও অনন্য মেধাবী দুইজন শিক্ষার্থীকে দেয়া হয় স্বর্ণ পদক।

সমাবর্তন অনুষ্ঠানে শিক্ষামন্ত্রী ডা. দীপু মনি বলেন, কোভিড পরবর্তী বিশ্ব পরিস্থিতি অনেক পরিবর্তিত হয়েছে। তাই, চলমান পৃথিবীর সাথে তাল মেলানোর পাশাপাশি আগামী দিনের উপযোগী দক্ষ মানবসম্পদ সৃষ্টিতে শিক্ষার্থাত্মকে নতুন করে সাজানো হচ্ছে। এই মাস্টারপ্ল্যানে ই-লার্নিং এর ওপর বিশেষ ওরুন্ড দেয়া হয়েছে।

ডা. দীপু মনি শিক্ষার্থীদের উদ্দেশ্যে বলেন, নিজের লক্ষ্যে পৌছতে যত বাঁধাই আসুক হতাশ হওয়া যাবে না। করোনার দুই বছরে দেখা গিয়েছে পৃথিবী আসলে কত নিষ্ঠুর, তবু পেশাগত জীবনে সততা, দক্ষতার পাশাপাশি মানবিকগুণও ফুটিয়ে তুলতে শিক্ষার্থীদের প্রতি আত্মান জানান তিনি।

অনুষ্ঠানে বিশেষ অতিথি ছিলেন বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঞ্জরি কমিশনের চেয়ারম্যান (ভারপ্রাপ্ত) অধ্যাপক ড. দিল আফরোজা বেগম। সমাবর্তন বঙ্গ ছিলেন, বাংলাদেশ কৃষি বিশ্ববিদ্যালয়ের সাবেক উপাচার্য এমিরেটাস অধ্যাপক ড. এম এ সাভার মন্ত্রী। আরও বক্তব্য রাখেন ইন্সট ওয়েস্ট ট্রাস্টি বোর্ডের ভারপ্রাপ্ত চেয়ারপার্সন ও বাংলাদেশ ব্যাংকের সাবেক গভর্নর অধ্যাপক ড. মোহাম্মদ ফরাসউদ্দিন এবং বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. এম এম শহিদুল হাসান।

সমাবর্তন অনুষ্ঠানে বিশ্ববিদ্যালয়ের ট্রাস্টি বোর্ডের সদস্যগণ, উপ-উপাচার্য, কোষাধ্যক্ষ, বিভিন্ন অনুষদের ডায়েন, বিভিন্ন বিভাগের চেয়ারপার্সন, শিক্ষক, কর্মকর্তা, কর্মচারী, গ্রাজুয়েট ও তাদের অভিভাবকরা অংশ নেন। শিক্ষা জীবনের শেষে যথাসময়ে সনদ হাতে পাওয়ায় উচ্ছাস প্রকাশ করেন শিক্ষার্থীরা।